কাজেম আলী স্কুল এন্ড কলেজ

মূল্যায়ন পরীক্ষা- ২০২০

শ্রেণী- দ্বাদশ

বিষয়- ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র বিষয় কোড: ২৯২, ২৯৩

সৃজনশীল অংশ

সময়: ১ ঘণ্টা ২০ মিনিট **পূর্ণমান: ৫০**

(সৃজনশীল: ২০ ও বহুনির্বাচনী: ৩০)

১। MV সাগরকন্যা নামক একটি জাহাজ ১ জানুয়ারি ২০১৯ চট্টগ্রাম বন্দর থেকে ছেড়ে রিয়াদ বন্দরে যাবে বলে নৌ-বিমার চুক্তিপত্রে লেখা ছিল। কিন্তু জাহাজ কর্তৃপক্ষের অবহেলার কারণে জাহাজটি ৩ জানুয়ারি ২০১৯ যাত্রা করে। তারপর জাহাজের ক্যাপ্টেন নিজের ইচ্ছানুযায়ী যাত্রাপথ পরিবর্তন করে। চলতে চলতে এক পর্যায়ে সমুদ্রের গভীরে থাকা একটি হিমবাহতে ধাক্কা লেগে জাহাজটি ক্ষতিগ্রস্ত হয়। এরপর বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানিতা পরিশোধ করতে অপারগতা প্রকাশ করে।

ক) নৌ-বিমা কী? ১

খ) সমুদ্রে পণ্য নিক্ষেপণ বা (Jettison) জেটিসন বলতে কী বোঝায়? ২

গ) "MV সাগরকন্যা" জাহাজকে কোন ধরনের নৌ-বিপদ মোকাবেলা করতে হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) বিমা কোম্পানি কর্তৃক বিমাদাবি প্রত্যাক্ষান করা কি যৌক্তিক? তোমার উত্তরের পক্ষে যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। গ্রামীণ ফোন কোম্পানীর প্রাথমিক বিনিয়োগ ৭০,০০০ প্রকল্প X ও Y এবং নগদ আন্ত:প্রবাহ নিম্নরূপ:

প্রকল্প	বছর-১	বছর-২	বছর-৩	বছর-৪
X	৩৫,০০০	১৫,০০০	৩৩,০০০	১২,০০০
Y	২০,০০০	৩৫,০০০	১৭,০০০	১৩,০০০

গ্রামীণ ফোন কোম্পানীর মূলধন ব্যয় ১২%।

ক) মূলধন বাজেটিং কী? ১

খ) পে ব্যাক সময় পদ্ধতি কী? বুঝিয়ে লেখ। ২

গ) প্রকল্প X এর পরিশোধনকাল নির্ণয় কর। ৩

ঘ) নিট বর্তমান মূল্য পদ্ধতি ব্যবহার করে প্রকল্প Y এর গ্রহণযোগ্য যাচাই কর। ৪

কাজেম আলী স্কুল এন্ড কলেজ

মূল্যায়ন পরীক্ষা- ২০২০

শ্রেণী- দ্বাদশ

বিষয়- ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র বিষয় কোড: ২৯২, ২৯৩

(বহুনির্বাচনী অংশ)

১। মূলধন বাজেটিং এর সর্বাপেক্ষা গ্রহণযোগ্য পদ্ধতি কোনটি?

ক) গড় আয়ের হার খ) নিট বর্তমান মূল্য

গ) আন্তঃআয়ের হার ঘ) পরিশোধ সময়

২। একটি মেশিনের ক্রয়মূল্য ৯০,০০০ টাকা, সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা। মেশিনটির আয়ুস্কাল ১০ বছর। সরল রৈখিক অবচয়ের পরিমাণ কত?

ক) ১০,০০০ টাকা খ) ১৪,০০০ টাকা

গ) ১৮,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

৩। নগদ আন্তঃপ্রবাহ এর বর্তমান মূল্য ও নগদ বহিঃপ্রবাহের বর্তমানের মূল্যের পার্থক্যকে বলা হয়-

ক) পিবিপি (PBP) খ) এনপিভি (NPV)

গ) এআরআর (ARR) ঘ) আইআরআর (IRR)

৪। মনে কর কোনো একটি প্রকল্পে ৪,৫০,০০০ বিনিয়োগ প্রয়োজন। উক্ত প্রকল্প থেকে প্রতি বছর ৫০,০০০ টাকা নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যায়। এক্ষেত্রে উক্ত প্রকল্পের পে-ব্যাক সময় কত?

ক) ৩ বছর খ) ৬ বছর

গ) ৯ বছর ঘ) ১২ বছর

৫। কোনো প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তকে কী বলে?

ক) মূলধন কাঠামো খ) মূলধন বাজেটিং

গ) আর্থিক কাঠামো ঘ) লভ্যাংশ সিদ্ধান্ত

৬। একটি স্বাধীন প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে নিচের কোনটি গ্রহণযোগ্য?

ক) IRR = PBP

খ) IRR > K (cost of capital)

গ) IRR < K (cost of capital) ঘ) IRR > NPV

৭। কোনটি মূলধন বাজেটিং প্রণয়নের প্রথম পদক্ষেপ?

ক) ফলোআপ খ)প্রকল্প মূল্যায়ন

গ)প্রকল্প নির্বাচন ঘ)প্রকল্প উদ্ভাবন

৮। কোন পদ্ধতিতে বাট্টাকৃত নগদ প্রবাহ প্রয়োজন হয় না?

ক) গড় মুনাফা হার পদ্ধতি

খ) অভ্যন্তরীণ মুনাফা হার পদ্ধতি

গ) নিট বর্তমান মূল্য পদ্ধতি

ঘ) মুনাফা অর্জন ক্ষমতার সূচক পদ্ধতি

৯। একটি মেশিনের ক্রয় মূল্য ৮০,০০০ টাকা। যার পাঁচ বছর আয়ুস্কাল শেষে ভগ্নাবশেষ মূল্য হবে ১০,০০০ টাকা। গড় মূলধন কত?

ক) ৮০,০০০ টাকা খ) ৪৫,০০০ টাকা

গ)৪০,০০০ টাকা ঘ) ৩৫,০০০ টাকা

১০। কোন ক্ষেত্রে প্রকল্প গ্রহণযোগ্য হবে?

ক) NPV ≥ 0 খ) NPV = 0

গ) NPV ≤ 0 ঘ) NPV < - 1

১১। বাট্টাকৃত নগদ প্রবাহ পদ্ধতির প্রথম কৌশল কোনটি?

ক) ARR খ) NPV

গ) IRR ঘ) PBP

১২। কোনটিতে মূলধন ফেরতের সময়কাল বিবেচিত হয়?

ক) IRR খ) NPV

গ) ARR ঘ) PBP

১৩। আন্ত:আয় হার অনুযায়ী কখন প্রকল্প গ্রহণ করা হয়?

ক) আন্ত:আয় হার ধনাত্মক হলে

খ) বাট্টার হার বেশি হলে

গ) মূলধন ব্যয় থেকে আন্ত: আয় হার বেশি হলে

ঘ) বিভেদাঙ্ক

১৪। পে-ব্যাক পদ্ধতি প্রকৃত পক্ষে একটি-

ক) মূলধন হার খ) মুনাফার হার

গ) সময়কাল ঘ) ফেরত হার

১৫। প্রকল্প মূল্যায়নের গ্রহণযোগ্য মানদন্ড কোনটি?

ক) নিট বর্তমান মূল্য (NPV)

খ) অভ্যন্তরীণ উপার্জন হার (IRR)

গ) বিনিয়োগ উপার্জন হার (ARR)

ঘ) বিনিয়োগ পরিশোধ কাল (PBP)

১৬। নিচের কোনটি প্রকল্পটি গ্রহণ করা উচিত?

ক) NPV সর্বাধিক খ) IRR সর্বনিম্ন

গ) PBP সর্বাধিক ঘ) ARR সর্বনিম্ন

১৭। প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে বিবেচনা করা হয়-

i) নিট বর্তমান মূল্য ii) অভ্যন্তরীণ আয়ের হার

iii) বর্তমান মূল্য

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮। গড় মুনাফার হার নির্ণয়ে প্রয়োজন হয়-

i) বছরের সংখ্যা ii) নীট মুনাফা

iii) গড় বিনিয়োগ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

অগ্রণী লি: একটি প্রকল্পে ১,১২,০০০ টাকা বিনিয়োগ করে। আগামী ৫ বছর যাবৎ উক্ত বিনিয়োগ হতে বার্ষিক নগদ আন্ত:প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ২৮,০০০ টাকা, ৩২,০০০ টাকা, ৩৬,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৪৪,০০০ টাকা।

১৯। তৃতীয় বছরে প্রকল্পটির ক্রমযোজিত নগদ প্রবাহ কত হবে?

ক) ১,৩৬,০০০ টাকা খ) ৯৬,০০০ টাকা

গ) ৬০,০০০ টাকা ঘ) ৩৬,০০০ টাকা

২০। প্রকল্পটির পে-ব্যাক সময় কত?

ক) ৪.৪ বছর খ) ৪.১ বছর

গ) ৪.০ বছর ঘ) ৩.৪ বছর

২১। কোন বিমার মধ্য দিয়ে সর্ব প্রথম বিমা ব্যবসায়ের উদ্ভব ঘটে?

ক) নৌ খ) অগ্নি

গ) জীবন ঘ) দুর্ঘটনা

২২। নিচের কোনটি নৌ বিমা চুক্তির ব্যক্ত শর্তের মধ্যে পড়ে?

ক) নির্দিষ্ট সময়ে যাত্রা খ) সমুদ্র যাত্রার বৈধতা

গ) ভিন্ন পথে গমন না করা

ঘ) বিমাকৃত সম্পত্তির বৈধতা

২৩। যে বিমাপত্রে সুনির্দিষ্ট যাত্রার কথা উল্লেখের পাশাপাশি সময়েরও উল্লেখ থাকে তাকে কোন ধরনের বিমা বলে?

ক) যাত্রা খ) সময়

গ) উন্মুক্ত ঘ) মিশ্র

২৪। স্থুলাভিষিক্তকরণ নীতি কোন ধরনের ক্ষতির বেলায় প্রযোজ্য হয়?

ক) বিশেষ আংশিক ক্ষতি খ) সাধারণ আংশিক ক্ষতি

গ) ত্যাগ স্বীকার ঘ) প্রকৃত সামগ্রিক ক্ষতি

২৫। নৌ-বিমায় আংশিক ক্ষতির বিমাদাবি প্রমাণের জন্য যে সকল দলিলপত্র জমা দিতে হয় তা হলো

i) বিমাপত্র

ii) জরীপকারীর প্রতিবেদন

iii) পরিত্যাগের নোটিস

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii ও iii

২৬। বাংলাদেশে বিমা ব্যবসায়ের বিদ্যমান সমস্যা রোধে করণীয় হলো-

i) বিমা শিক্ষার প্রসার

ii) বিমা ব্যবসায়ের আধুনিকীকরণ

iii) নতুন কারখানা প্রতিষ্ঠা

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii ও iii

❑ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**

মামুন শিপিং তাদের সবগুলো নৌযানকে একত্রে একটি নির্দিষ্ট সময়ের জন্য বিমাপত্রের অধীনে 'x' কোম্পানিতে বিমা করে। উক্ত বিমা কোম্পানিটি ঝুঁকি হ্রাসের জন্য 'y' বিমা কোম্পানির কাছে এর অংশবিশেষ পুন:বিমা করে।

২৭। মামুন শিপিং কোন ধরনের নৌ বিমাপত্র গ্রহণ করেছেন?

ক) ভাসমান খ) যাত্রা

গ) বৃহৎ ঝুঁকি ঘ) সময়

২৮। উদ্দীপকে x বিমা কোম্পানি পুনরায় y বিমা কোম্পানির নিকট বিমা করায়-

i) ঝুঁকির পরিমাণ হ্রাস পেয়েছে

ii) বিমাদাবির পরিমাণ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে

iii) বিমা গ্রহীতার আস্থা বৃদ্ধি পেয়েছে

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii ও iii

২৯। কোনটি প্রাকৃতিক বিপদ?

ক) পণ্য নিক্ষেপণ খ) জলদস্যু

গ) সামুদ্রিক ঝড় ঘ) যুদ্ধ জাহাজ

৩০। নিচের কোনটি সরাসরি প্রাকৃতিক সামুদ্রিক ক্ষতি নয়?

ক) Jettison বা জেটিসন খ) গচ্চা

গ) ত্যাগ স্বীকার ঘ) বিশেষ খরচ